

রবীন্দ্র বিশ্ববিদ্যালয় দিবস বয়কট শিক্ষক-শিক্ষার্থীদের কালো ব্যাজ ধারণ

জেলা বার্তা পরিবেশক, সিরাজগঞ্জ

: শনিবার, ২৬ জুলাই ২০২৫

স্থায়ী ক্যাম্পাস নির্মাণে ডিপিপি দ্রুত অনুমোদন ও বাস্তবায়নের দাবিতে ২০২৫ সালের রবীন্দ্র বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি বয়কট করে কালো ব্যাজ ধারণ ও মানববন্ধন করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীরা।

শনিবার,(২৬ জুলাই ২০২৫) সকাল ১০টায় অ্যাকাডেমিক ভবন-৩ এর সামনে সড়কের দুই পাশে অবস্থান নিয়ে তারা এই কর্মসূচি পালন করেন। এ সময় তারা, আমার ক্যাম্পাস আমার ঘর, থাকব না আর যায়াবর, অন্যের ক্যাম্পাস সজিংত, আমরা কেনো বঞ্চিত, ক্যাম্পাস নিয়ে প্রহসন, মানি না মানব না- এসব স্লোগানে উত্তাল হয়ে ওঠেন।

এর আগে ২৫ জুলাই বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর ও রেজিস্ট্রারের (অতিরিক্ত দায়িত্ব) দায়িত্বে থাকা প্রফেসর ড. সুমন কান্তি বড়ঘার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, চলমান নিয়োগ পরীক্ষা অন্তিম কারণে স্থগিত করা হয়েছে। ২৭, ২৮ ও ২৯ জুলাই যথাক্রমে বাংলা, অর্থনীতি ও ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক ও সহকারী অধ্যাপক পদে নির্ধারিত লিখিত ও মৌখিক পরীক্ষা আপাতত হচ্ছে না।

এছাড়া গত ২৪ জুলাই একই দাবিতে সংবাদ সম্মেলন করেন শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা। তারা আগেই এই দিবস বয়কটসহ বিভিন্ন কর্মসূচির ঘোষণা দিয়েছিলেন। নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা বলেন, এই পরিস্থিতিতে পরীক্ষা নেওয়া কষ্টসাধ্য ব্যাপার, তাই তা স্থগিত করা হয়েছে।

প্রসঙ্গত, গত ১৬ জুন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস

পরিদর্শন করে বলেন, স্থায়ী ক্যাম্পাসের দাবি ঘোষিক, হতাশার কিছু নেই,
তবে দীর্ঘ সময় ধরে চেষ্টা না করলে এ দেশে কিছু হয় না।